দৈনিক
ইনকিলাব

তারিখ ... 18 FEB 2005 ...
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ৩ ...

বিভিন্ন সংগঠনের প্রতিবাদ

মাদ্রাসার উচ্চ শিক্ষাকে জাতীয় ভার্সিটির অধীনে নেয়ার সিদ্ধান্ত মেনে নেয়া হবে না

ইনকিলাব রিপোর্ট ঃ দেশে এফিলিয়েটিং ক্ষমতাসম্পন্ন একটি ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার প্রতিশ্রুতি বাস্তবায়নের পরিবর্তে সম্প্রতি অনুষ্ঠিত মন্ত্রিসভা কমিটির বৈঠকে মাদ্রাসার উচ্চ শিক্ষাকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে আনার সিদ্ধান্তের তীব্র প্রতিবাদ ১১-এর পৃঃ ২-এর কঃ দেখুন

বিভিন্ন সংগঠনের ১২-এর পৃষ্ঠার পর

জানিয়েছে দেশের বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও ছাত্র সংগঠন। বলা হয়েছে, মাদ্রাসা শিক্ষার উন্নয়নের এবং মর্যাদা বৃদ্ধির দায়িত্ব জাতীয় বিশ্ববিদ্যালয়কে দেয়া হলে মাদ্রাসা শিক্ষার স্বকীয়তা হারিয়ে যাবে। প্রায় শতাব্দীকালের দাবী স্বতন্ত্র আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা না করে এই দাবীকে পাশ কাটিয়ে মাদ্রাসাগুলোকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সাথে সম্পৃক্ত করা হলে শিক্ষাক্ষেত্রে বিশৃঙ্খলা সৃষ্টি হবে। তাছাড়া সরকারের দীর্ঘদিনের প্রতিশ্রুতি এড়িয়ে এ ধরনের সিদ্ধান্ত বাস্তবায়ন করা হলে কোন অবস্থাতেই তা মেনে নেয়া হবে না।

বাংলাদেশ নেজামে ইসলাম পার্টির সভাপতি আল্লামা মুফতি ইজহারুল ইসলাম এক বিবৃতিতে বলেছেন, স্বতন্ত্র ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা এ দেশের তৌহিদী জনতার প্রাণের দাবী। ইসলামী ঐক্য আন্দোলনের আমীর প্রিন্সিপাল আনওয়ার উল্লাহ ও সেক্রেটারি জেনারেল মাওলানা আজিজুল হক মুরাদ এক বিবৃতিতে মাদ্রাসার উচ্চ শিক্ষাকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সাথে অধিভুক্ত করার সিদ্ধান্তের নিন্দা জানিয়ে বলেছেন, জোট সরকারের আমলে এ ধরনের সিদ্ধান্ত কার্যকর হলে ঐতিহ্যবাহী মাদ্রাসা শিক্ষা বিলুপ্ত হবে। লাখ লাখ মাদ্রাসা শিক্ষক চাকরি হারাবে। আর এমনটি হলে দেশে ইসলাম শিক্ষার নামে অনৈসলামিক কর্মকাণ্ডে দেশে নৈরাজ্যকর পরিস্থিতি সৃষ্টি হবে।

বাংলাদেশ ছাত্র হিযবুল্লাহ উচ্চতর মাদ্রাসার শিক্ষাকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ন্যস্ত করার সরকারী সিদ্ধান্তের কঠোর প্রতিবাদ জানিয়ে এবং অবিলম্বে এই সিদ্ধান্ত প্রত্যাহার করে মাদ্রাসার ছাত্র-শিক্ষক ও উলামা-মাশায়েখের দাবী মোতাবেক এফিলিয়েটিং ক্ষমতাসম্পন্ন ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা এবং ফাজিল, কামিলকে ব্যাচেলর ও মাস্টার্স ডিগ্রী প্রদানের জন্য সরকারের প্রতি উদাত্ত আহ্বান জানিয়েছে।

সংগঠনের সভাপতি মাওলানা মফিজুর রহমান জিহাদী এক বিবৃতিতে বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ন্যস্ত করা মাদ্রাসা শিক্ষার লক্ষ্য, উদ্দেশ্য, আদর্শ ধ্বংস করারই নামান্তর। এ দেশের ধর্মপ্রাণ মুসলমানরা তা কিছুতেই হতে দেবেন না।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে উচ্চতর মাদ্রাসা শিক্ষা ব্যবস্থাকে ন্যস্ত করার তীব্র প্রতিবাদ জানিয়ে বাংলাদেশ আনজুমানে তালামীযে ইসলামিয়ার কেন্দ্রীয় সভাপতি আলমগীর হুসেন ও সাধারণ সম্পাদক আহমদ হাসান চৌধুরী বলেন, সরকারের এ পদক্ষেপের ফলে মাদ্রাসা শিক্ষা তার স্বকীয়তা হারিয়ে ফেলবে। এ দেশের ইসলামপ্রিয় মানুষ ইসলামী শিক্ষার জন্য ক্ষতিকর যে কোন সিদ্ধান্ত রুখে দিতে প্রস্তুত।

তারা বলেন, আমরা অবিলম্বে ঢাকা এফিলিয়েটিং ক্ষমতাসম্পন্ন স্বতন্ত্র ইসলামী আরবী জাতীয় বিশ্ববিদ্যালয় স্থাপনের জোর দাবী জানাচ্ছি।